# বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যক্রম

**জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে অনুদান:** সুনির্দিষ্ট নীতিমালার আলোকে ব্যাপক কার্যক্রমে জড়িত বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়ে থাকে। এ সকল প্রতিষ্ঠানকে আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে বাৎসরিক অনুদান প্রদান করা হয়। জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের পরিচালিত কার্যক্রম দ্বারা দেশের অসংখ্য মানুষ বিভিন্নভাবে উপকৃত হয়ে থাকে।

**জেলা ও উপজেলা সমাজকল্যাণ কমিটিকে অনুদান:** দেশের ৬৪টি জেলায় জেলা সমাজকল্যাণ কমিটি ও সকল উপজেলায় উপজেলা সমাজকল্যাণ কমিটি রয়েছে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ ৬৪টি জেলা সমাজকল্যাণ কমিটি ও সকল উপজেলায় উপজেলা সমাজকল্যণ কমিটিকে বাৎসরিক অনুদান প্রদান করে থাকে। এ অর্থ দ্বারা জেলা ও উপজেলা পর্যায়ে জরুরী সামাজিক সেবাসমূহের তাৎক্ষণিক ব্যয় মিটানো হয়।

**দুঃস্থ, অসহায় রোগীদের চিকিৎসাসেবা ও উপকরণ প্রদান (রোগীকল্যাণ সমিতির মাধ্যমে) অনুদান:** দুঃস্থ, অসহায় ও দরিদ্র রোগীদের চিকিৎসা, সহজে হাসপাতালে ভর্তি করা, বিনামূল্যে ঔষধ প্রদান এবং চিকিৎসাকালীন আর্থিক ও অন্যান্য সাহায্য প্রদানের লক্ষ্যে দেশের প্রতিটি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল এবং প্রতিটি জেলা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীকল্যাণ সমিতি রয়েছে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ রোগীকল্যাণ সমিতিকে দুঃস্থ, অসহায় রোগীদের চিকিৎসাসেবা ও উপকরণ প্রদানের জন্য আর্থিক অনুদান প্রদান করে থাকে।

**মানবসেবা উন্নয়নে (সমন্বয় পরিষদ, শহর সমাজ সেবার মাধ্যমে) অনুদান:** সারা দেশের জেলা পর্যায়ে ৮০টি শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ রয়েছে। স্বল্প সুবিধাভোগী, সুবিধাবঞ্চিত ও গরীব শহুরে সমাজের জনসাধারণের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাদেরকে সাধারণ ও কারিগরী শিক্ষা এবং বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানপূর্বক পছন্দনীয় পেশায় নিয়োগ পাওয়ার সুযোগ সৃষ্টি করে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করাই শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের উদ্দেশ্য। এ সকল প্রকল্প পরিষদের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে এককালীন আর্থিক অনুদান প্রদান করে থাকে।

**সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়নে (অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে) অনুদান:** সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে দেশের ৬৪টি জেলার ৬৪টি জেলখানায় অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি রয়েছে। জেলে কয়েদিদের প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও পুনর্বাসন করাই এর উদ্দেশ্য। এ সকল অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এককালীন আর্থিক অনুদান প্রদান করে থাকে।

**সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে অনুদান:** দেশব্যাপী সমাজকল্যাণ-মূলক কার্যক্রমের বিস্তৃতির লক্ষ্যে সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সীমিত পরিসরে হলেও বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সাথে জড়িয়ে আছে দেশের লক্ষ লক্ষ দুঃস্থ মানুষ ও সমাজকর্মী। সরকারের পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এসব সংগঠনগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমানে সারা দেশে সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সংখ্যা ৬২ হাজারেরও বেশি। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সারাদেশে সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধীকৃত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহকে পৃষ্ঠপোষকতা এবং সহযোগিতার লক্ষ্যে অনুদান দিয়ে থাকে।

**বিশেষ অনুদান:**

ক) **ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন:** ক্ষুদ্রজাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে প্রতিবছর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে অনুদান প্রদান করা হয়। যা ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

খ) **ক্ষুদ্র জাতিসত্তা নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের এককালীন শিক্ষাবৃত্তি:** প্রতিবছর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ক্ষুদ্র জাতিসত্তা নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের মেধাবী ও দরিদ্র ছাত্র/ছাত্রীকে এককালীন শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। যার মাধমে পিছিয়ে পড়া ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও ক্ষুদ্র সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীরা সমাজের মূল স্রোতধারায় একীভূত হচ্ছে।

গ) **নদীভাঙানে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের পুনর্বাসন:** প্রতিবছর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে নদীভাঙানে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের পুনর্বাসনে অনুদান প্রদান করা হয়। যা নদীভাঙানে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের পুনর্বাসনে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে।

ঘ) **চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন:** প্রতিবছর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই আবাসন প্রদান করা হচ্ছে। এ সহায়তার মাধ্যমে চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ অগ্রণী ভূমিকা পালন করছে।

ঙ) **প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন:** প্রতিবছর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। বিশ্ব জলবায়ূ পরিবর্তনের প্রভাবে উপকূলীয় দেশ হিসেবে বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হয়। যা প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে কার্যকর পদক্ষেপ।

**চ) ভিক্ষাবৃত্তি নিরসন:** প্রতিবছর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ভিক্ষাবৃত্তি নিরসনে আর্থিক সহায়তা প্রদান করা হয়। যার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ায় বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ অগ্রণী ভূমিকা পালন করছে।

**ছ) অন্যান্য বিশেষ অনুদান:** দরিদ্র, অসহায়, দুঃস্থ, সাধারণ মানুষদের বিশেষ করে দুঃস্থ অসহায় প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা, লেখাপড়া, বিবাহ, পুনর্বাসন, কর্মসংস্থান ইত্যাদি খাতে ব্যক্তি বিশেষকে অনুদান প্রদান করা হয়। এছাড়াও কিছু কিছু কল্যাণমূলক সংগঠন/সমিতি/পাঠাগার/ধর্মীয় প্রতিষ্ঠানের মধ্যেও এ অনুদান বরাদ্দ করা হয়। অনুদানের অর্থ বরাদ্দের ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদেরকে অগ্রাধিকার প্রদান করা হয়।

**গবেষণা, সেমিনার ও কর্মশালা আয়োজন:** বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ দেশে সময়ে সময়ে উদ্ভুত সামাজিক বিভিন্ন সমস্যার ওপর জরিপ ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য সরকার স্বীকৃত একটি প্রতিষ্ঠান। সময়ের চাহিদার আলোকে গবেষণা কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে ২০১৬ সালের পর থেকে নিয়মিতভাবে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে ও পরিষদ এককভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করছে। গবেষণালব্ধ ফলাফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দৃষ্টি আর্কষণ করা হচ্ছে।

বাংলাদশে জাতীয় সমাজকল্যাণ পরষিদকে মাননীয় প্রধানমন্ত্রী ১৩২ নিউ ইস্কাটন, ঢাকায় স্থায়ী নিজস্ব বহুতল ভবন নির্মানের জন্য ১১.৯৪ কাঠা জমি প্রদান করেছেন। নিজস্ব জমিতে “সমাজকল্যাণ ভবন” নির্মানের লক্ষ্যে প্রণীত ডিপিপি অনুমোদিত হয়েছে। ভবন নির্মানের কাজ চলছে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কার্যালয়ের কার্যক্রম ঢাকাস্হ ২২৪/১ নিউ ইস্কাটনস্থ ট্রপিক্যাল এনএমজি টাওয়ারে ১১ও ১২তলায় ভাড়া বাড়িতে পরিচালিত হচেছ।